খ. ব্যবহারিক সুবিধার জন্য শক্তির রূপান্তরের প্রয়োজনীয়তা আছে। যেমন, গরম ইস্ত্রি দিয়ে জামা কাপড় ইস্ত্রি করা হয়। এবেত্রে তাপ শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়। বৈদ্যুতিক ইস্ত্রিতে বিদ্যুৎ চালনা করলে তাপ উৎপন্ন হয় এবেত্রে বিদ্যুৎ শক্তি তাপশক্তিতে রূপান্তরিত হয়। অনুরূপভাবে আলোক শক্তি, শব্দশক্তি, চৌম্বক শক্তি, রাসায়নিক শক্তি, পারমাণবিক শক্তি ব্যবহারের সুবিধার জন্য বিভিন্ন শক্তিতে রূপান্তরিত হয়। তাই শক্তি রূপান্তরের প্রয়োজনীয়তা অনেক।
গ. উদ্দীপকে উৎপন্ন গ্যাসটি হচ্ছে বায়োগ্যাস যা নবায়নযোগ্য শক্তির উৎস। হাঁস-মুরগি ও গরু-ছাগলের খামারের বিষ্ঠা আবর্জনা থেকে বায়োগ্যাস উৎপন্ন করা যায়। আমরা জানি, যে শক্তির উৎসকে বার বার ব্যবহার করা যায় তাই নবায়নযোগ্য শক্তি। যেহেতু উদ্দীপকের গ্যাসটি হলো বায়োগ্যাস, যা প্রাণীর বিষ্ঠা থেকে বার বার উৎপন্ন ও ব্যবহার করা যায়। তাই উক্ত গ্যাসটি নবায়নযোগ্য শক্তির উৎস।
ঘ. পৃথিবীর শক্তির ভান্ডারে শক্তি অফুরন্ত নয়, সীমিত। শক্তির চাহিদা দিন দিন যত বাড়ছে, শক্তির সংকট তত ঘনীভূত হচ্ছে। আধুনিক সভ্যতার মেরুদণ্ড হচ্ছে বর্তমান শক্তির উৎস জীবাশ্ম জ্বালানি অর্থাৎ কয়লা, খনিজ তেল, প্রাকৃতিক গ্যাস ইত্যাদি। কিন্তু এগুলো অনবায়নযোগ্য শক্তির উৎস। তাই আমাদের শক্তি সংরক্ষণের দিকে মনোযোগ দিতে হবে। এদিক থেকে রাশেদ সাহেবের কার্যক্রম অনেক গুরুত্বপূর্ণ। কারণ শক্তির উৎস হিসেবে তিনি নবায়নযোগ্য উৎস ব্যবহার করেন। তিনি গরুর খামারের বিষ্ঠা থেকে যে বায়োগ্যাস ব্যবহার করেন তা পরিবেশ বাস্কব। এর উৎস সীমিত নয়। তিনি এ গ্যাস ব্যবহার ও বিক্রি করার ফলে কয়লা, খনিজ তেল, প্রাকৃতিক গ্যাসের ওপর চাপ কমে ফলে এসব অনবায়নযোগ্য শক্তির উৎস সংরক্ষিত থাকে।
অতএব, বলা যায় শক্তি সংরক্ষণে রাশেদ সাহেবের কার্যক্রমের গুরুত্ব অনেক।

প্রশ্ন-৩▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

দুই বন্ধু মানিক ও মনির হাঁটছিল, এমন সময় তারা রাস্তায় দুটি বস্তুকে সরানোর চেষ্টা করছিল। মানিক ৫০০ নিউটন ওজনের একটি বস্তু ১০ মিনিটে ২৫ মিটার দূরত্বে সরিয়ে নেয়। মনির ৬০০ নিউটন ওজনের একটি বস্তু ৬ মিনিটে ২৮ মিটার দূরত্বে সরিয়ে নেয়।

- ক. কাজ কী? ১
খ. তাড়াতাড়ি কাজের সাথে বমতা সম্পর্কযুক্ত ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মানিক এবং মনিরের কৃতকাজের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে তাদের অতিক্রান্ত দূরত্ব যদি সরল রৈখিক হয় তাহলে কয় বমতা বেশি হবে গাণিতিক ভাবে বিশ্লেষণ কর। ৪

▶▶ ৩নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. কোনো বস্তুর ওপর বল প্রয়োগ করলে বস্তুর দিকের স্থান পরিবর্তনের প্রক্রিয়াকে কাজ বলে।
খ. কোনো ব্যক্তি বা বস্তুর কাজ করার হারকে বমতা বলে।
কোনো কাজ কে কত তাড়াতাড়ি করতে পারে তা হলো তার ক্ষমতা। যে ব্যক্তির ক্ষমতা বেশি সে কম সময়ে বেশি কাজ করতে পারবে। আমরা বমতা পাই মোট কাজকে মোট সময় দিয়ে ভাগ করে। তাই তাড়াতাড়ি কাজের সাথে বমতা সম্পর্কযুক্ত।
গ. উদ্দীপক অনুসারে,
মানিক কর্তৃক সরানো বস্তুর ওজন = ৫০০ নিউটন
দূরত্ব = ২৫ মিটার
মনির কর্তৃক সরানো বস্তুর ওজন = ৬০০ নিউটন
দূরত্ব = ২৮ মিটার
∴ মানিকের কৃতকাজের পরিমাণ = সরানো বস্তুর ওজন × দূরত্ব
= ৫০০ নিউটন × ২৫ মিটার
= ১২৫০০ জুল
∴ মনিরের কৃতকাজের পরিমাণ = সরানোর বস্তুর ওজন × দূরত্ব
= ৬০০ নিউটন × ২৮ মিটার
= ১৬৮০০ জুল।

ঘ. উদ্দীপক অনুসারে,

$$\begin{aligned} \text{মানিকের বেগে, বসতুর ওজন} &= ৫০০ \text{ নিউটন} \\ \text{সময়} &= ১০ \text{ মিনিট} \\ &= ১০ \times ৬০ \text{ সেকেন্ড} \\ \text{দূরত্ব} &= ২৫ \text{ মিটার} = ৬০০ \text{ সেকেন্ড} \end{aligned}$$

$$\begin{aligned} \text{মনিরের বেগে, বসতুর ওজন} &= ৬০০ \text{ নিউটন} \\ \text{সময়} &= ৬ \text{ মিনিট} = ৬ \times ৬০ \text{ সেকেন্ড} \\ &= ৩৬০ \text{ সেকেন্ড} \\ \text{দূরত্ব} &= ২৮ \text{ মিটার} \end{aligned}$$

মানিক ও মনিরের সরানো বসতুর অতিক্রান্ত দূরত্ব সরল রৈখিক হলে,

$$\begin{aligned} \text{মানিকের বমতা} &= \frac{\text{বসতুর ওজন} \times \text{দূরত্ব}}{\text{সময়}} \\ &= \frac{৫০০ \text{ নিউটন} \times ২৫ \text{ মিটার}}{৬০০ \text{ সেকেন্ড}} \\ &= ২০.৮৩ \text{ ওয়াট} \end{aligned}$$

$$\begin{aligned} \text{এবং মনিরের বমতা} &= \frac{\text{বসতুর ওজন} \times \text{দূরত্ব}}{\text{সময়}} \\ &= \frac{৬০০ \text{ নিউটন} \times ২৮ \text{ মিটার}}{৩৬০ \text{ সেকেন্ড}} \\ &= ৪৬.৬৭ \text{ ওয়াট} \end{aligned}$$

উপরিউক্ত গাণিতিক বিশ্লেষণে দেখা যায়, মানিকের বমতা মনিরের বমতার চেয়ে কম।

প্রশ্ন-৪ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

আবিদ ২০ সেকেন্ডে ২৫ N বল দ্বারা কোনো বস্তুকে ২৮ মিটার সরাতে পারে এবং আশিম ২৫ সেকেন্ডে ৩০ N বল দ্বারা কোনো বস্তুকে ৩৫ মিটার সরাতে পারে।

- ক. কাজ কী? ১
- খ. শক্তির নিত্যতার সূত্র কী? ২
- গ. উদ্দীপকে দেওয়া দুই ব্যক্তির জন্যই কাজের পরিমাণ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যক্তিদ্বয়ের মধ্যে কার বমতা বেশি? ব্যাখ্যা কর। ৪

◀◀ ৪নং প্রশ্নের উত্তর ▶▶

ক. কোনো বসতুর ওপর বল প্রয়োগ করলে যদি বস্তুটির অবস্থানের পরিবর্তন ঘটে তাহলে বল এবং বলের দিকে বলের প্রয়োগবিন্দুর অতিক্রান্ত দূরত্বের গুণফল কাজ।

খ. শক্তির নিত্যতার সূত্রটি নিচে দেওয়া হলো- শক্তির সৃষ্টি বা ধ্বংস নেই। শক্তি কেবল একরূপ থেকে অন্যরূপে রূপান্তরিত হয় মাত্র। মহাবিশ্বের মোট শক্তির পরিমাণ নির্দিষ্ট ও অপরিবর্তনীয়।

গ. নিচের উদ্দীপকে দেওয়া দুই ব্যক্তির জন্য কাজের পরিমাণ নির্ণয় করা হলো-

আবিদের বেগে-

$$\begin{aligned} \text{কাজের পরিমাণ} &= \text{বল} \times \text{বল প্রয়োগের ফলে বসতুর সরণ} \\ &= (২৫ \times ২৮) \text{ জুল} = ৭০০ \text{ জুল} \end{aligned}$$

আশিমের বেগে-

আমরা জানি,

$$\begin{aligned} \text{কাজের পরিমাণ} &= \text{বল} \times \text{বল প্রয়োগের ফলে বসতুর সরণ} \\ &= (৩০ \times ৩৫) \text{ জুল} = ১০৫০ \text{ জুল} \end{aligned}$$

ঘ. উদ্দীপকে উল্লিখিত আবিদ ও আশিমের মধ্যে কার বমতা বেশি নিচে গাণিতিক যুক্তির মাধ্যমে ব্যাখ্যা করা হলো-

আমরা জানি, কাজ করার হারকে বমতা বলে।

$$\therefore \text{বমতা} = \frac{\text{কাজ}}{\text{সময়}}$$

আবিদের বেগে

$$\text{বমতা} = \frac{\text{কাজ}}{\text{সময়}} = \frac{৭০০}{২০} \text{ জুল/সেকেন্ড} = ৩৫ \text{ ওয়াট}$$

আশিমের বেগ্রে

$$\text{বমতা} = \frac{\text{কাজ}}{\text{সময়}} = \frac{১০৫০}{২৫} \text{ জুল/ সেকেন্ড} = ৪২ \text{ ওয়াট}$$

অতএব, গাণিতিক যুক্তির মাধ্যমে বলা যায়, উদ্দীপকে উল্লিখিত ব্যক্তিদ্বয়ের মধ্যে আবিদের তুলনায় আশিমের বমতা বেশি।

প্রশ্ন-৫ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

বিশ্বের জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে শক্তির চাহিদা বেড়ে যাওয়ায় বর্তমানে নবায়নযোগ্য শক্তি অপরিহার্য হয়ে পড়েছে। শক্তির ব্যাপক চাহিদা মেটাতে সর্বম হলেও নবায়নযোগ্য শক্তির ব্যবহারে কিছু অসুবিধাও রয়েছে।

- | | |
|--|---|
| ক. কাজের একক কী? | ১ |
| খ. শক্তি ব্যবহারে আমাদের সচেতন হবে কেন? | ২ |
| গ. বাংলাদেশের প্রেবাপটে উদ্দীপকে উল্লিখিত শক্তির সুবিধাসমূহ ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. উদ্দীপকে উল্লিখিত শক্তির উৎস ব্যবহারের সীমাবদ্ধতা বিশ্লেষণ কর। | ৪ |

▶▶ ৫নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. কাজের একক জুল।
- খ. জীবনের প্রতিটি ক্ষেত্রেই শক্তির প্রয়োজন। জীবনমান উন্নয়নের জন্যও শক্তির প্রয়োজন। শক্তি না হলে আমাদের জীবন চলে না। শক্তি আমাদের অস্তিত্বের সঙ্গে সম্পৃক্ত। জীবাশ্ম জ্বালানি আমাদের শক্তির এক বিরাট উৎস। কিন্তু এ শক্তি সীমিত এবং এক সময়ে নিঃশেষ হয়ে যাবে। মানুষ শক্তির বিকল্প উৎসের সন্ধানে সচেষ্ট। তাই প্রাপ্ত শক্তি ব্যবহারে আমাদের অবশ্যই সচেতন ও মিতব্যয়ী হতে হবে।
- গ. বাংলাদেশের প্রেবাপটে উদ্দীপকে উল্লিখিত নবায়নযোগ্য শক্তির সুবিধাসমূহ নিম্নরূপ প:
- বায়ু প্রবাহ ও সৌরশক্তি একটি অফুরন্ত শক্তির উৎস কারণ বায়ু ও সূর্য সর্বদাই বিদ্যমান।
 - পানি স্রোতকে ব্যবহার করে বেশি পরিমাণে শক্তির উৎপাদন করা সম্ভব। এবেগ্রে স্রোতকে বাধা দেওয়ার জন্য তৈরি ব্রিজ বা ব্যারেজ সড়ক যোগাযোগকে উন্নত করে।
 - পানির জেয়ার ভাটাকে চাঁদ প্রভাবিত করে এবং এটি সর্বদাই বিদ্যমান তাই পানির জেয়ার ভাটা থেকে প্রাপ্ত শক্তি সর্বদাই ব্যবহার সম্ভব।
 - নবায়নযোগ্য শক্তি সাধারণত পরিবেশবান্ধব, কারণ এরা বাতাসে কার্বন ডাইঅক্সাইড ছাড়ায় না।
- ঘ. উদ্দীপকে উল্লিখিত শক্তির উৎস ব্যবহারের সীমাবদ্ধতা নিম্নরূপ প :
- বায়োগ্যাস থেকে যে বিদ্যুৎ পাওয়া যায় তার পরিমাণ কম এবং সীমিত।
 - সৌর, বায়ু ও পানির স্রোত থেকে উৎপন্ন নবায়নযোগ্য শক্তি সাধারণত ব্যয়বহুল।
 - বায়ু প্রবাহ ও স্রোত থেকে যে নবায়নযোগ্য শক্তি পাওয়া যায় তার উৎস সীমিত। কারণ এর জন্য যে পরিশ্রম তৈরি করতে হয়, তার জন্য সুবিধাজনক জায়গা লাগে। বায়ুর মাধ্যমে উৎপাদনের অন্যতম সমস্যা হলো সর্বদাই বায়ু প্রবাহ থাকে না।
 - সূর্যের আলো থাকলে সৌরশক্তি নির্ভর নবায়নযোগ্য শক্তি পাওয়া যায় কিন্তু বৃষ্টির জন্য এর উৎপাদন ব্যাহত হতে পারে।
 - অনেক সময় পানির জেয়ার ভাটাকে নবায়নযোগ্য শক্তির উৎস হিসাবে ব্যবহারের ফলে নদীর গতিপথ পরিবর্তন হয়ে যায়।

প্রশ্ন-৬ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

মিনা এক ঘণ্টা ধরে বসে বই পড়ছে। মনি ১৫ মিনিটে একটি মাঠকে ৩ বার এবং সুমি ২০ মিনিটে উক্ত মাঠকে ৫ বার প্রদর্শন করল।

- | | |
|---|---|
| ক. কাজ কী? | ১ |
| খ. সৌরশক্তির ব্যবহার লেখ। | ২ |
| গ. তিনজনের শক্তিকে মানের উর্ধ্বক্রমে সাজাও। | ৩ |
| ঘ. মনি ও সুমির বমতার তুলনা কর। | ৪ |

▶▶ ৬নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. কোন বস্তু উপর কল প্রয়োগ করে তার অবস্থানের পরিবর্তন করাই কাজ।
- খ. সৌরশক্তিকে ঘরবাড়ি গরম রাখার কাজে ব্যবহার করা হয়। শস্য, মাছ, সবজি শুকানোর কাজে সৌরশক্তি ব্যবহৃত হয়। মাছ শুকিয়ে শুঁটকি তৈরি করে তা বহুদিন সংরক্ষণ করা যায়। সৌরশক্তি দ্বারা বয়লাগে বাষ্প তৈরি করেও তার দ্বারা তড়িৎ উৎপাদনের জন্য টার্বাইন ঘুরানো হয়।
- গ. কাজ করার সামর্থ্যকে শক্তি বলে। মোট কাজের পরিমাণ দ্বারা শক্তির পরিমাপ করা হয়।
- উদ্দীপক মতে, মিনা বই পড়ছে। এতে সে কোনো দূরত্ব অতিক্রম করে না। তার কাজের পরিমাণ শূন্য। মনি একটি মাঠকে তিনবার এবং সুমি মাঠটিকে পাঁচবার প্রদর্শন করে। সুতরাং তারা দূরত্ব অতিক্রম করায় কাজ সম্পন্ন হয়। তবে সুমির কাজ বেশি এবং মনির কাজ কম হয়। তাই মিনার চেয়ে মনির এবং মনির চেয়ে সুমির শক্তি বেশি। সুতরাং, মানের উর্ধ্বক্রমে সাজিয়ে পাই,

মিনার শক্তি < মনির শক্তি < সুমির শক্তি।

ঘ. একক সময়ে সম্পন্ন কাজের পরিমাণ হলো বমতা। এটি কাজ ও সময় দুটি রাশির ওপর নির্ভর করে। শুধু কাজের পরিমাণ বেশি হলেই বমতা বেশি হয় না।

উদ্দীপক মতে, মনি ১৫ মিনিটে একটি মাঠকে ৩ বার প্রদর্শন করে। তাহলে মাঠটিকে ১ বার প্রদর্শন করতে মনির সময় লাগে (১৫ ÷ ৩) মিনিট বা ৫ মিনিট। অন্যদিকে, সুমি ২০ মিনিটে একই মাঠকে ৫ বার প্রদর্শন করে। তাহলে ঐ মাঠটিকে ১ বার প্রদর্শন করতে সুমির সময় লাগে (২০ ÷ ৫) মিনিট বা ৪ মিনিট। সুতরাং একই পরিমাণ কাজ করতে মনি অপেক্ষা সুমির কম সময় লাগে।

সুতরাং দেখা যায় যে, মনি অপেক্ষা সুমি একক সময়ে বেশি কাজ করে। ফলে মনি অপেক্ষা সুমির বমতা বেশি হয়।

প্রশ্ন-৭ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :


কালাম সাহেব তাঁর হাঁসমুরগী ও গরবর খামারের বিষ্ঠা আবর্জনা থেকে বিশেষ প্রক্রিয়ায় এক ধরনের গ্যাস উৎপন্ন করছেন। এতে খামারের বিভিন্ন কাজে শক্তি ও গ্যাসের চাহিদা মিটিয়ে অতিরিক্ত গ্যাস বিক্রি করতে পারছেন। [বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ]

- ক. বমতা কাকে বলে? ১
- খ. রাসায়নিক শক্তি বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উৎপন্ন গ্যাস কোন ধরনের শক্তির উৎস ব্যাখ্যা কর। ৩
- ঘ. শক্তির সংরবণে কালাম সাহেবের কার্যক্রমের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

▶▶ নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. কোনো ব্যক্তি বা বস্তু কাজ করা হারকে বমতা বলে।
- খ. খাদ্যে বা জ্বালানিতে যে শক্তি জমা থাকে তাকে রাসায়নিক শক্তি বলে।
আমাদের দেহ খাদ্য থেকে শক্তি পায়। পেট্রোল, গ্যাস, কাঠ, কয়লা সবকিছুরই রয়েছে রাসায়নিকশক্তি। আমরা যে টর্চ বাতি বা রেডিওতে ব্যাটারি ব্যবহার করি তার মধ্যেও রয়েছে রাসায়নিক শক্তি।
- গ. সৃজনশীল ২(গ) নং প্রশ্নের উত্তর দেখ।
- ঘ. সৃজনশীল ২(ঘ) নং প্রশ্নের উত্তর দেখ।

প্রশ্ন-৮ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. শক্তি কাকে বলে? ১
- খ. শক্তির নিত্যতা বা সংরবণশীলতা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
- গ. সোলার প্যানেলের মাধ্যমে সৌরশক্তিকে বিভিন্ন রকমের শক্তিতে রূপান্তরিত করা যায়। এরূপ আরও ৩টি নবায়নযোগ্য শক্তির রূপান্তর ও ব্যবহার আলোচনা কর। ৩
- ঘ. আমাদের দেশের প্রেক্ষাপটে নবায়নযোগ্য শক্তির সুবিধাগুলো আলোচনা কর। ৪

▶▶ ৮নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. কাজ করার সার্থ্যকে শক্তি বলে।
- খ. সংবিস্ত প্রশ্ন ২ নং এর উত্তর দেখ।
- গ. নিম্নে তিনটি নবায়নযোগ্য শক্তির রূপান্তর দেওয়া হলো :
- সৌরচুল্লির মাধ্যমে রান্না করা হয়, এবেত্রে সৌরশক্তি তাপশক্তিতে রূপান্তরিত হয়।
 - বিভিন্ন ইলেকট্রনিক যন্ত্রপাতি যেমন পকেট ক্যালকুলেটর, রেডিও, ইলেকট্রনিক ঘড়িতে সৌরশক্তিকে তড়িৎ শক্তিতে রূপান্তরিত করা হয়।
 - বাঁধ দিয়ে শ্রোতের গতিশক্তির সাহায্যে টারবাইন ঘুরিয়ে ডায়নামো থেকে প্রচুর পরিমাণে বিদ্যুৎশক্তি উৎপন্ন করা হয়।
- ব্যবহার : সৌরশক্তিকে কাজে লাগিয়ে সৌরবিদ্যুৎ উৎপন্ন করা হয় যার সাহায্যে বৈদ্যুতিক বাতি, টিভি, ফ্যান, ফ্রিজ ইত্যাদি চালানো যায়। শীতের দেশের লোকজন সৌরশক্তিকে ঘরবাড়ি গরম রাখার কাজে ব্যবহার করেছে। বায়োগ্যাস জ্বালানি ও জমিতে সার হিসেবে ব্যবহৃত হচ্ছে।
- ঘ. সৃজনশীল ৫(গ) নং প্রশ্নের উত্তর দেখ।

প্রশ্ন-৯ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

রফিক একটি গাছের গুঁড়িকে ১০ মিনিটে সরিয়ে ৫ জুল কাজ সম্পন্ন করে। আবার হাসান ৫ মিনিটে একই ঘটনা ঘটিয়ে ১০ জুল কাজ সম্পন্ন করে। দুজনেই এ ঘটনাটি ঘটিয়ে এসে ঘরে বৈদ্যুতিক ফ্যান ছেড়ে দিলে হঠাৎ রফিক বলল, বৈদ্যুতিক ফ্যান ছাড়ার ফলে শক্তির কয়েক প্রকার রূপান্তর ঘটছে।

- ক. সৌরশক্তি কাকে বলে? ১
- খ. নবায়নযোগ্য শক্তি বলতে কী বোঝ? ২
- গ. রফিক ও হাসানের মধ্যে কার বমতা বেশি নির্ণয় কর। ৩
- ঘ. রফিকের মস্তব্যটি বিশ্লেষণ কর। ৪

▶▶ ৯নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. সূর্য থেকে তাপ ও আলোকরূপে যে শক্তি পাওয়া যায় তাকে সৌরশক্তি বলে।
- খ. যে শক্তির উৎসকে বারবার ব্যবহার করা যায় তাকে নবায়নযোগ্যশক্তি বলে।
নবায়নযোগ্যশক্তির অন্যতম উৎস হলো সূর্যরশ্মি, বায়োগ্যাস, পানি স্রোত, বাতাস, পানি, জোয়ার-ভাটা প্রভৃতি।
- গ. আমরা জানি, মোট কাজকে সময় দ্বারা ভাগ করলে বমতা পাওয়া যায়। আমরা উদ্দীপক থেকে পাই, রফিকের বেত্রে

$$\text{মোট কাজ} = ৫ \text{ জুল}$$

$$\text{মোট সময়} = ১০ \text{ মিনিট}$$

$$\text{অতএব রফিকের বমতা} = \frac{\text{কাজ}}{\text{সময়}} = \frac{৫ \text{ জুল}}{১০ \text{ মিনিট}} = ০.৫ \text{ জুল/মিনিট}$$

আবার, হাসানের বেত্রে

$$\text{মোট কাজ} = ১০ \text{ জুল}$$

$$\text{সময়} = ৫ \text{ মিনিট}$$

$$\text{অতএব, হাসানের বমতা} = \frac{\text{কাজ}}{\text{সময়}} = \frac{১০ \text{ জুল}}{৫ \text{ মিনিট}} = ২ \text{ জুল/মিনিট}$$

উপরের গাণিতিক বিশ্লেষণ থেকে দেখা যাচ্ছে যে, রফিকের চেয়ে হাসানের বমতা বেশি।

- ঘ. রফিকের মস্তব্যটি হলো যে, বৈদ্যুতিক ফ্যান ছাড়ার ফলে, শক্তির কয়েক প্রকার রূপান্তর ঘটেছে।
বৈদ্যুতিক ফ্যান ছাড়ার ফলে বিদ্যুৎশক্তি যান্ত্রিকশক্তিতে রূপান্তরিত হয়। আবার, ফ্যান ঘোরার সময় কিছু শব্দ করে। এবেত্রে যান্ত্রিকশক্তি শব্দশক্তিতে রূপান্তরিত হয়।
বৈদ্যুতিক ফ্যান বেশ কিছুবর্ণ চললে এটা গরম হয়ে যায়। তখন যান্ত্রিকশক্তি তাপশক্তিতে রূপান্তরিত হয়।
ঘটনাটি বিশ্লেষণ করলে দেখা যায় যে, বৈদ্যুতিক ফ্যান ছাড়ার ফলে বিদ্যুৎশক্তি যান্ত্রিকশক্তিতে এবং যান্ত্রিকশক্তি শব্দশক্তি ও তাপশক্তিতে রূপান্তরিত হলো।
এ ব্যাপারগুলো উপলব্ধি করেই রফিক বলেছিল, বৈদ্যুতিক ফ্যান ছাড়ার ফলে শক্তির কয়েক প্রকার রূপান্তর ঘটছে। উপরিউক্ত আলোচনা থেকে বলা যায় যে, রফিকের মস্তব্য যথার্থ।

প্রশ্ন-১০▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

সাবিনা প্রতিদিন স্কুলের মিনিবাসে বাসায় ফেরে। আজ তাদের বিজ্ঞান ক্লাসে শক্তির বিভিন্ন উৎস সম্পর্কে পড়ানো হয়েছে। সে অবাক হয়ে লব করল, স্কুলবাসে শক্তির অধিকাংশ উৎসই উপস্থিত। আবার কিছু উৎস সরাসরি উপস্থিত না থাকলেও পরোবভাবে ক্রিয়াশীল।

- ক. শক্তি কী? ১
- খ. ‘স্কুলবাসে বায়ুশক্তির ব্যবহার অনুপস্থিত’ ব্যাখ্যা কর। ২
- গ. সাবিনাদের স্কুলবাসে ক্রিয়াশীল শক্তির তিনটি শক্তিরূপ সম্পর্কে আলোকপাত কর। ৩
- ঘ. স্কুলবাসে কোন শক্তিটি প্রত্যবভাবে ক্রিয়াশীল না হয়েও পরোবভাবে ক্রিয়াশীল? বিশ্লেষণ কর। ৪

▶▶ ১০নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. কাজ করার সামর্থ্যই শক্তি।
- খ. বায়ুপ্রবাহের ফলে যে শক্তি উৎপন্ন হয় তাকে বায়ুশক্তি বলে। স্কুলবাসে বায়ুপ্রবাহের শক্তিকে ব্যবহার করা হয় না। বায়ুপ্রবাহের শক্তিকে ব্যবহার করা হয় পাল তোলা নৌকায়। স্কুলবাসে ব্যবহার করা হয় পেট্রোল, ডিজেল বিভিন্ন জীবাশ্ম জ্বালানি। এ কারণে বলা যায়, ‘স্কুলবাসে বায়ুশক্তির ব্যবহার অনুপস্থিত’।
- গ. সাবিনাদের স্কুলবাসে জ্বালানি হিসেবে পেট্রোল, ডিজেল বা বিভিন্ন জীবাশ্ম জ্বালানিকে ব্যবহার করা হয়।
এগুলো রাসায়নিকশক্তির অস্তর্গত। আবার, জীবাশ্ম জ্বালানির তৈরি বাষ্পযন্ত্রকে চালনা করে। এভাবে রাসায়নিক শক্তি যান্ত্রিকশক্তিতে রূপান্তরিত হয়।
আবার বাস অনেকবর্ণ ধরে চললে দেখা যায়, ইঞ্জিন গরম হয়ে গেছে। এভাবে যান্ত্রিকশক্তি তাপশক্তিতে রূপান্তরিত হয়েছে। স্কুলবাসে সৌরশক্তি প্রত্যবভাবে না হলে পরোবভাবে ক্রিয়াশীল।
- ঘ. স্কুলবাসে জ্বালানি হিসেবে জীবাশ্ম জ্বালানি ব্যবহার করা হয়। এগুলো রাসায়নিক শক্তি।
রাসায়নিকশক্তি যখন পিস্টনের ওঠানামার কাজে ব্যবহৃত হয়, তখন তা যান্ত্রিকশক্তি হিসেবে কাজ করে। অনেকবর্ণ ধরে ইঞ্জিন চালু থাকলে তাপশক্তি উৎপন্ন হয় আবার ইঞ্জিনের

বিভিন্ন যন্ত্রাংশে চুম্বকশক্তির ব্যবহার রয়েছে।

স্কুলবাস চালু থাকলে শব্দশক্তি উৎপন্ন হয়। স্কুলবাসে যে হেডলাইট ব্যবহার করা হয় তার শক্তির উৎস ব্যাটারি, যা স্থির বিদ্যুৎশক্তির একটি উৎস। আবার হেডলাইটে আলোকশক্তি ব্যবহার করা হয়। এভাবে বায়ুশক্তি ও পারমাণবিকশক্তির ব্যবহার অনুপস্থিত। আপাতদৃষ্টিতে মনে হতে পারে সৌরশক্তির ব্যবহার এখানে ক্রিয়াশীল নয়। কিন্তু প্রত্যয়ভাবে না হলেও পরোক্ষভাবে সৌরশক্তি এ সামগ্রিক কার্যক্রমে ক্রিয়াশীল।

খাদ্য বা জ্বালানিতে যে শক্তি জমা থাকে তা রাসায়নিক শক্তি।

তাই বলা যায়, স্কুলবাসে সৌরশক্তি প্রত্যয়ভাবে ক্রিয়াশীল না হলেও পরোক্ষভাবে ক্রিয়াশীল।

প্রশ্ন-১১ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

আবির শক্তির বিভিন্ন রূপ আছে তা পরীবা করার জন্য একটা হাতুড়ি দ্বারা লোহার পাতের ওপর আঘাত করে। এতে শব্দ, তাপ ও আলোর সৃষ্টি হয়।


- ক. তাপশক্তি কী? ১
- খ. কাজ করার জন্য আমরা কোথা থেকে শক্তি পাই? ব্যাখ্যা কর। ২
- গ. আবিরের পরীবাটিতে শক্তির রূপ পাল্টার ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত শক্তিগুলোকে আর কোন শক্তিতে রূপান্তর করা যায়? উদাহরণের সাহায্যে ব্যাখ্যা কর। ৪

▶ ১১নং প্রশ্নের উত্তর ▶

- ক. রান্না করতে, মোটরগাড়ি বা রেলগাড়ির ইঞ্জিন চালাতে ব্যবহৃত শক্তিই হলো তাপশক্তি।
- খ. কাজ করার জন্য আমরা খাদ্য থেকে শক্তি পাই।
শক্তির প্রধান উৎস হচ্ছে সূর্য। তাছাড়া আমাদের চারপাশে রয়েছে শক্তির বিভিন্ন উৎস। সবুজ উদ্ভিদ সূর্যের আলোর উপস্থিতিতে রাসায়নিক শক্তিরূপে শক্তি সঞ্চয় করে রাখে। সেই শক্তিই আমরা খাদ্য গ্রহণের মাধ্যমে গ্রহণ করি। এই রাসায়নিকশক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয় এবং বিভিন্ন কাজ করার সামর্থ্য অর্জন করে।
- গ. আবিরের পরীবাটিতে যান্ত্রিকশক্তি তাপ, শব্দ ও আলোকশক্তিতে রূপান্তরিত হয়।
আবির খাদ্য গ্রহণের ফলে তার দেহে রাসায়নিকশক্তি সঞ্চিত হয়। হাতুড়ি তেলার সময় রাসায়নিক শক্তি যান্ত্রিকশক্তিতে রূপান্তরিত হয়। হাতুড়ির অবস্থান পরিবর্তনের ফলে যান্ত্রিকশক্তি স্থিতিশক্তিতে রূপান্তরিত হয়। হাতুড়ি পতনের সময় স্থিতিশক্তি গতিশক্তিতে রূপান্তরিত হয়। যখন হাতুড়ি লোহার পাতকে আঘাত করে তখন শব্দের সৃষ্টি হয়। এদের ঘর্ষণের ফলে তাপ উৎপন্ন হয়। এই সঘর্ষণের ফলে আলোক কণিকাও বিচ্ছুরিত হয়।

নিচে এ পরীবা শক্তির রূপান্তর দেখানো হলো :

রাসায়নিক শক্তি → যান্ত্রিক শক্তি → স্থিতিশক্তি → গতিশক্তি



- ঘ. আবিরের পরীবা শব্দ, তাপ ও আলোকশক্তির সৃষ্টি হয়। নিচে শব্দ, তাপ ও আলোক শক্তির রূপান্তর ব্যাখ্যা করা হলো :
- শব্দশক্তির রূপান্তর :** শব্দোত্তর তরঙ্গের সাহায্যে জামা কাপড়ের ময়লা পরিষ্কারের সময় শব্দশক্তি যান্ত্রিকশক্তিতে রূপান্তরিত হয়। অনুনাদের সময় শব্দশক্তি যান্ত্রিকশক্তিতে রূপান্তরিত হয়। টেলিফোন বা রেডিওর প্রেরক যন্ত্রে শব্দশক্তি বিদ্যুৎশক্তিতে পরিণত হয়।
- তাপশক্তির রূপান্তর :** গরম ইস্ত্রি দিয়ে জামা কাপড় ইস্ত্রি করার সময় তাপশক্তি যান্ত্রিকশক্তিতে রূপান্তরিত হয়। বাষ্পীয় ইঞ্জিনে তাপের সাহায্যে উৎপন্ন শক্তি ব্যবহার করে রেলগাড়ি চালানো হয়, এখানে তাপশক্তি যান্ত্রিকশক্তিতে রূপান্তরিত হয়।
- আলোকশক্তির রূপান্তর :** ক্যালসিয়াম, পটাসিয়াম, রববিডিয়াম প্রভৃতি ধাতুর উপর আলো পড়লে ইলেকট্রন নির্গত করে বিদ্যুৎ প্রবাহ সৃষ্টি করা যায়। এখানে বিদ্যুৎশক্তি আলোকশক্তিতে রূপান্তরিত হয়।

প্রশ্ন-১২ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

সোহেল একজন ভালো ক্রিকেট খেলোয়াড়। সে ফাস্ট বোলার। খেলার একপর্যায়ে সে বলটিকে উপরে ছুড়ে মারল।

- ক. শক্তির রূপান্তর কী? ১
- খ. গতিশীল বস্তু গতিশক্তি কখন শূন্য হয়? ব্যাখ্যা কর। ২
- গ. সোহেলের ছোড়া বলটি কখন মাটিতে ফিরে আসবে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. সোহেলের বল ছোড়ার ঘটনাটি সামগ্রিকভাবে বিশ্লেষণ কর। ৪

▶ ১২নং প্রশ্নের উত্তর ▶

- ক. শক্তির রূপান্তর হলো শক্তির একরূপ থেকে অন্যরূপে পরিবর্তিত হওয়া।
- খ. গতিশীল বস্তু যেমত যোগ্য ঠিক আগের মুহূর্তে গতি শক্তি শূন্য হয়। গতিশীল বস্তুতে গতিশক্তি থাকে। একটি চলন্ত গতিশীল বস্তুর গতি কমে থাকলে গতিশক্তি কমে থাকে এবং বস্তুটি থামার ঠিক পূর্ব মুহূর্তে গতিশক্তি শূন্য হয়ে যায়।

- গ. সোহেলের ছোড়া বলের গতিশক্তি শূন্য হওয়ার পর তা মাটিতে ফিরে আসবে।
সোহেল তার ক্রিকেট বলকে উপরে ছোড়ে। এরপরে বলটির বেগে কয়েকটি ঘটনা ঘটে। প্রথমত বলটি উপরে ছোড়ার সাথে সাথে তার গতিশক্তি কমতে থাকে। যখন গতিশক্তি শূন্য হয়ে যায় তখন বলটির মধ্যে থাকা স্থিতিশক্তির কারণে নিচে নামতে থাকে।
অর্থাৎ যখন বলটির সম্পূর্ণ গতিশক্তি শূন্য হয়ে যাবে তখনই সেটি মাটিতে ফিরে আসবে।
- ঘ. সোহেলের ছোড়া বলের ঘটনাটি সামগ্রিকভাবে ব্যাখ্যা করতে গেলে আমরা দুই ভাবে ব্যাখ্যা করতে পারি। প্রথমত বলটি ছোড়ার পরের ঘটনা এবং তারপর বলটি মাটিতে ফিরে আসার ঘটনা।
বলটি ছোড়ার ঠিক মুহূর্তে গতিশক্তি বেশি থাকে। এরপর গতিশক্তি শূন্য হয়ে যাওয়ার পর বলটির মধ্যে থাকা স্থিতিশক্তির কারণে বলটি নিচের দিকে আসতে থাকে। নিচের দিকে আসতে থাকার সময় বলটির মধ্যে থাকা স্থিতিশক্তি গতিশক্তিতে রূপান্তরিত হয় এবং বলটি মাটিতে পড়ে।
সামগ্রিকভাবে গতিশক্তি রূপান্তরিত হয়ে স্থিতিশক্তিতে পরিণত হয়। অতএব স্থিতিশক্তি গতিশক্তিতে পরিণত হওয়া এবং গতিশক্তি শূন্য হওয়ার মাধ্যমে সোহেলের বল ছোড়ার সমগ্র প্রক্রিয়াটি সম্পন্ন হয়।

প্রশ্ন-১৩ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

সূর্য সকল শক্তির উৎস। এছাড়াও বাতাস, পানি এগুলো প্রকৃতিতে অফুরন্ত। প্রকৃতির এই সূর্যের আলো, বাতাস ও পানি কাজে লাগিয়ে অনেক কিছুই করা সম্ভব।

- ক. নবায়নযোগ্য শক্তি কী? ১
- খ. প্রাকৃতিক গ্যাস অনবায়নযোগ্য শক্তি কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে উল্লিখিত শক্তির সীমাবদ্ধতা ও অসুবিধাগুলো কী কী? ৩
- ঘ. আমাদের দেশের প্রেক্ষাপটে উক্ত শক্তির সুবিধা বিশ্লেষণ করে লিখ। ৪

▶ ১৩নং প্রশ্নের উত্তর ▶

- ক. যে শক্তির উৎসকে বারবার ব্যবহার করা যায় তাই হলো নবায়নযোগ্য শক্তি।
- খ. সৃজনশীল ১ (খ) নং প্রশ্নের উত্তর দেখ।
- গ. উদ্দীপকে উল্লিখিত শক্তি হলো নবায়নযোগ্য শক্তি। বর্তমানে নবায়নযোগ্য শক্তির ব্যাপক চাহিদা ও অগ্রহ আছে। তবে কিছুবেগে নবায়নযোগ্য শক্তির ব্যবহারে কিছু সীমাবদ্ধতা ও অসুবিধা দেখা যায়। নিচে তা আলোচনা করা হলো :
১. বায়োগ্যাস থেকে যে বিদ্যুৎ পাওয়া যায় তার পরিমাণ কম এবং সীমিত।
 ২. বায়ু ও স্রোত থেকে যে নবায়নযোগ্য শক্তি পাওয়া যায় তার উৎস সীমিত। কারণ এর জন্য যে প্লান্ট তৈরি করতে হয় তার জন্য সুবিধাজনক জায়গা লাগে।
 ৩. সৌরশক্তি নির্ভর নবায়নযোগ্য শক্তি পাওয়া যায় সূর্যের আলো থাকার ওপর, যার উৎপাদন বৃষ্টির জন্য ব্যাঘাত ঘটে।
 ৪. সৌর, বায়ু ও পানির স্রোত থেকে উৎপন্নকৃত নবায়নযোগ্য শক্তি সাধারণত ব্যয়বহুল।
- ঘ. আমাদের দেশের প্রেক্ষাপটে উক্ত শক্তির অর্থাৎ সৌরশক্তি ব্যবহারের অপরিমেয় সুবিধা রয়েছে।
বাংলাদেশে অনেক অঞ্চল আছে যেখানে এখনও বিদ্যুৎ পৌঁছেনি। সেখানে আমরা সহজেই সৌরশক্তির সাহায্যে বিদ্যুৎ পেতে পারি। তাছাড়া বায়োগ্যাস উৎপাদনে রয়েছে আমাদের বিপুল সম্ভাবনা। যদিও আমাদের দেশ মোটামুটি প্রাকৃতিক গ্যাসে সমৃদ্ধ তথাপি আমাদের এই বিকল্প শক্তির সম্পদ অবশ্যই করতে হবে। প্রাকৃতিক গ্যাসকে আমাদের এক স্থান থেকে অন্য স্থানে সরবরাহ করাতে প্রচুর খরচ হয়।
যদি বায়োগ্যাস পরল্ট গড়ে তুলতে পারি সেক্ষেত্রে আমরা দৈনিক সুবিধা পাব। এটি উন্নতমানের জৈবসার পেতে সাহায্য করে ও দূষণমুক্ত পরিবেশের সহায়ক হয়।
সুতরাং আমাদেরকে ভবিষ্যৎ চিন্তায় এখনই এই শক্তির যথাযথ ব্যবস্থাপনার উদ্যোগ গ্রহণ করতে হবে।

প্রশ্ন-১৪ ▶ নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

নাজিম বাগেরহাট জেলার প্রত্যন্ত গ্রামের শিবিত ছিলে। তাদের বাড়িতে বিদ্যুৎ নেই। তাদের পরিবার কাঠ দিয়ে রান্না করে এবং কেরোসিন দিয়ে বাতি জ্বালায়। বাড়িতে ১০টি গরব আছে। সে রান্না ও বাতি জ্বালানোর জন্য কেরোসিন তেলের বিকল্প হিসেবে বায়োগ্যাস ব্যবহার করার সিদ্ধান্ত নেয়।

- ক. বায়োগ্যাস কী? ১
- খ. সৌরশক্তির দুটি ব্যবহার উল্লেখ কর। ২
- গ. নাজিমের বিকল্প জ্বালানি সম্পাদনের কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. নাজিমের বিকল্প শক্তি ব্যবহার করার সিদ্ধান্ত সঠিক কিনা? তোমার উত্তরের পবে যুক্তি দাও। ৪

▶ ১৪নং প্রশ্নের উত্তর ▶

- ক. গবাদিপশুর বিষ্ঠা ও সহজে পচনশীল উদ্ভিদের পচা অংশের সাহায্যে গ্যাস তৈরি নামে পরিচিত বায়োগ্যাস।
- খ. সৌরশক্তির দুটি ব্যবহার নিচে উল্লেখ করা হলো :
১. সৌরচুল্লিতে সৌরশক্তি ব্যবহার করে রান্না করা যায়।
 ২. উদ্ভিদ সৌরশক্তি ব্যবহার করে উদ্ভিদ নিজেদের জন্য খাদ্য তৈরি করে। আমরা এ গাছপালা এবং এদের ফল ও অন্যান্য অংশকে খাদ্য হিসেবে গ্রহণ করে থাকি।

গ. নাজিমের বিকল্প জ্বালানি সম্প্রদানের কারণ হলো সে বৃননিধন কমাতে চায়।
নাজিমের পরিবার কাঠ দিয়ে রান্না করে, কেরোসিন দিয়ে বাতি জ্বালায়। নাজিম শিবিত ছেলে। সে জানে গাছ আমাদের জন্য কত উপকারী। গাছ আমাদের বেঁচে থাকার প্রধান উপাদান অক্সিজেন দান করে। মানুষসহ প্রাণিজগতের সবার খাদ্য উৎপাদন করে গাছ। তাই বৃননিধন মানে নিজের অস্তিত্বকে হুমকির সম্মুখীন করা। আবার কেরোসিন অনবায়নযোগ্য জ্বালানি উৎস। অবিবেচিত ব্যবহারের ফলে প্রাপ্যতা নিঃশেষ হয়ে যেতে পারে।

উপরিউক্ত বিষয়সমূহ বিবেচনা করে নাজিম বিকল্প জ্বালানির সন্ধান করছে।

ঘ. নাজিম প্রত্যন্ত গ্রামের ছেলে। সেখানে বিদ্যুৎ সহজলভ্য নয়। এ কারণে তার পরিবার কাঠ দিয়ে রান্না করে এবং কেরোসিন দিয়ে বাতি জ্বালায়। নাজিম শিবিত হওয়ার কারণে সহজেই বুঝতে পারে কাঠকে রান্নার কাজে ব্যবহারের পরিণতি কত ভয়ংকর।
নাজিমের বিকল্প জ্বালানিটি বায়োগ্যাস। বায়োগ্যাস নবায়নযোগ্য জ্বালানি। গৃহপালিত পশুপাখির বিষ্ঠা ও পচনশীল উদ্ভিদের পচিত অংশ থেকে বায়োগ্যাস উৎপন্ন করা হয়। এ থেকে কৃষিজমিতে ব্যবহারের সারও পাওয়া যায়। এ পদ্ধতি যেমন সাশ্রয়ী তেমনি পরিবেশবান্ধব। নাজিমদের ১০টি গরব আছে। গরবগুলো গোর বায়োগ্যাস উৎপাদনে ব্যবহার খুবই ইতিবাচক।

এসব কিছু বিবেচনা করে নাজিমের বিকল্প শক্তি হিসেবে বায়োগ্যাসকে বেছে নেওয়া খুবই যুক্তিযুক্ত ও সমরোপযোগী হয়েছে।

সৃজনশীল প্রশ্নব্যাংক

প্রশ্ন-১৫ ▶ মেহজাবিনের গ্রামের বাড়ি মাত্রাই। সেখানে এখন ও বিদ্যুৎ পৌছায় নি। তাই গ্রামবাসীর অনেকেই সৌরবিদ্যুৎ ব্যবহার করেন আবার গত গ্রীষ্মের ছুটিতে মামার সাথে সে কাপ্তাই বেড়াতে গিয়ে দেখে পানি থেকে বিদ্যুৎ উৎপন্ন করা হচ্ছে। কিন্তু মেহজাবিন ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদনের কৌশল থেকে আলাদা।

- | | |
|---|---|
| ক. শক্তির প্রধান উৎস কি? | ১ |
| খ. নবায়নযোগ্য শক্তির তিনটি উদাহরণ দাও। | ২ |
| গ. মেহজাবিনের দেখা কাপ্তাইয়ের পানি বিদ্যুৎ উৎপাদন কৌশল ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. মেহজাবিনের গ্রাম বাসীর সৌর বিদ্যুৎ ব্যবহারের সুবিধা অসুবিধা বিশ্লেষণ কর। | ৪ |

প্রশ্ন-১৬ ▶ মি. রাকিব বর্তমানে গবাদি পশুর বিষ্ঠা থেকে এক প্রকার গ্যাস তৈরি করছেন। তিনি তার চাহিদা মেটানোর পর অতিরিক্ত গ্যাস বিক্রি করতে পারেন।

- | | |
|--|---|
| ক. বায়োগ্যাস কী? | ১ |
| খ. 'তাপ এক প্রকার শক্তি' ব্যাখ্যা করো। | ২ |
| গ. উদ্দীপকে উল্লিখিত গ্যাসটি তুমি কীভাবে তৈরি করতে পারবে? ব্যাখ্যা করো। | ৩ |
| ঘ. উদ্দীপকে উল্লিখিত গ্যাসটি পরিবেশের জন্য নিরাপদ নাকি ঝুঁকির? উত্তরের পবে যুক্তি দাও। | ৪ |

অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

■ জ্ঞানমূলক ■

প্রশ্ন ১১ শক্তির একক কী?

উত্তর : জুল।

প্রশ্ন ১২ শক্তি কী?

উত্তর : কাজ করার সামর্থ্যই শক্তি।

প্রশ্ন ১৩ বায়ুশক্তি কী?

উত্তর : বায়ু প্রবাহের ফলে যে শক্তি উৎপন্ন হয় তাকে বায়ু শক্তি বলে।

প্রশ্ন ১৪ কয়লা পোড়ালে কী উৎপন্ন হয়?

উত্তর : কয়লা পোড়ালে তাপ উৎপন্ন হয়।

প্রশ্ন ১৫ পারমাণবিক শক্তিকে কোন শক্তিতে রূপান্তরিত করা যায়?

উত্তর : পারমাণবিক শক্তিকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তর করা যায়।

প্রশ্ন ১৬ ক্যালকুলেটর কী?

উত্তর : ক্যালকুলেটর এক প্রকার ইলেক্ট্রনিক যন্ত্র।

প্রশ্ন ১৭ গতিশক্তি কী?

উত্তর : গতির জন্য কাজ করার সামর্থ্যকে গতিশক্তি বলে।

■ অনুধাবনমূলক ■

প্রশ্ন ১১ কাজের সাথে কয়টি বিষয় সম্পর্কযুক্ত ব্যাখ্যা কর।

উত্তর : কাজের সাথে দুটি বিষয় সম্পর্কযুক্ত। একটি হলো বল এবং অপরটি হলো বল প্রয়োগে অবস্থানের পরিবর্তন।

সাধারণভাবে কাজ হলো বল ও বস্তুটির অতিক্রান্ত দূরত্বের গুণফল। কোনো বস্তুটির ওপর বল প্রয়োগ করে বস্তুটিকে বলের দিকে এক স্থান থেকে অন্য স্থানে সরানোর মাধ্যমে কাজ সম্পন্ন হয়।

প্রশ্ন ২ ২ ২ সূর্য থেকে আমরা কোন কোন শক্তি পাই ব্যাখ্যা কর।

উত্তর : পৃথিবীর সকল শক্তির উৎস সূর্য। সূর্য থেকেই আমরা সকল শক্তি পেয়ে থাকি। সূর্য থেকে আমরা প্রথমত তাপশক্তি ও আলোকশক্তি পেয়ে থাকি।

প্রশ্ন ২ ৩ ২ সূর্য সকল শক্তির উৎস- ব্যাখ্যা কর।

উত্তর : সূর্য থেকে যে শক্তি পাওয়া যায় তাকে বলা হয় সৌরশক্তি। পৃথিবীতে যত শক্তি আছে তার সবই কোনো না কোনোভাবে সূর্য থেকে আসা বা সূর্যকিরণ ব্যবহৃত হয়েই তৈরি হয়েছে। যেমন আধুনিক সভ্যতার ধারক জীবাশ্ম জ্বালানি আসলে বহুদিনের সঞ্চিত

সৌরশক্তি। তাই বলা হয় সূর্য সকল শক্তির উৎস।

প্রশ্ন ২ ৪ ২ বিলাসবহুল জীবনযাপনের ক্ষেত্রে শক্তির সংকট ব্যাখ্যা কর।

উত্তর : মানুষ উন্নত জীবনযাপনের জন্য বিলাসবহুল বাড়িঘর নির্মাণ করে। রেডিও, টিভি, ভিসিআর, কম্পিউটার, শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্রপাতি অধিক হারে ব্যবহার করার ফলে শক্তির সংকট বাড়ছে।

প্রশ্ন ২ ৫ ২ উন্নয়নশীল দেশে শক্তির ব্যয় কেমন ঘটে?

উত্তর : উন্নয়নশীল দেশসমূহ ব্যাপকহারে দালানকোঠা, রাস্তাঘাট, কলকারখানা ইত্যাদি নির্মাণ করেছে এবং যানবাহন ব্যবহার করেছে। এ সকল নির্মাণ কাজে ও যানবাহন রক্ষণাবেক্ষণে অধিক শক্তি ব্যয় ঘটছে।